দৈনিক জনকণ্ঠ
দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 APR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৩

17

# বুয়েটে শিক্ষাদান পদ্ধতিতে আধুনিক সুযোগ সুবিধা সংযোজিত হচ্ছে

বুয়েট সংবাদদাতা ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান পদ্ধতিতে আধুনিক সুযোগ-সুবিধা সংযোজিত হচ্ছে। শিক্ষার মান উন্নয়ন ও ক্লাসরুমে একটি বিষয় পড়ানোর সময় কমিয়ে আনার জন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতির সাহায্য নেয়া হবে।

প্রথম পদক্ষেপ হিসাবে ক্লাসরুমে ওভারহেড প্রজেক্টরের ব্যবস্থা করা হচ্ছে। ইতোমধ্যেই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের কাছে ক্লাসরুমে ব্যবহারের জন্য ২৫টি ওভারহেড প্রজেক্টর সরবরাহ করা হয়েছে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের দক্ষতা বাড়ানোর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নতুন শিক্ষকদের ট্রেনিং-এর ব্যবস্থা করবেন। এতে নতুন শিক্ষকদের বিভিন্ন প্রশাসনিক, অর্থনৈতিক ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয় ছাড়াও শিক্ষাদান পদ্ধতির উপর প্রশিক্ষণ দেয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ মোহাম্মদ শাহজাহান জানান, নতুন শিক্ষকদের এই ট্রেনিং-এর ব্যবস্থা বুয়েটেই করা হবে। প্রয়োজনে শিক্ষকদের বিভিন্ন সরকারী আধা সরকারী প্রতিষ্ঠানে পাঠানো হবে। নতুন শিক্ষকদের দেশীয় শিল্প প্রতিষ্ঠান সম্পর্কে জানার জন্য ইন্ডাস্ট্রিয়াল ভিজিটেরও ব্যবস্থা করা হবে বলেও প্রফেসর শাহজাহান জানান।